৬০

দৈনিক বাংলা

তারিখ ... 12 JUL 1993
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

# রাজশাহী ভার্সিটি : ছাত্র-শিক্ষক যৌথ মিছিল

বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : রাজশাহী, ১১ জুলাই।–রাজশাহী বিশ্ববিদ্যালয়ে কোষাধ্যক্ষ পদে অধ্যাপক মকবুল হোসেনের নিয়োগ বাতিলের দাবীতে রাকসুর উদ্যোগে আজ ক্যাম্পাসে ছাত্র-শিক্ষক ও কর্মচারীদের এক যৌথ মিছিল হয়।

মিছিল শেষে প্রশাসনিক ভবনের পশ্চিম চত্বরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে

(৮–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

সভাপতিত্ব করেন রাকসু এজিএস আলমগীর হোসেন। সমাবেশে বক্তারা কোষাধ্যক্ষ নিয়োগ বাতিল, আটক ছাত্রনেতাদের মুক্তি ও মামলা প্রত্যাহারের দাবী জানান।

এদিকে গতকাল রাতে রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি এক জরুরী সাধারণ সভায় একই দাবীতে আন্দোলনের একটি কর্মসূচী ঘোষণা করেছে। কর্মসূচীর মধ্যে রয়েছে ১২ জুলাই সকাল ১১টায় ক্যাম্পাসে প্রতিবাদ মিছিল; ১৩ জুলাই কর্মবিরতি; ১৭ জুলাই ভিসি অফিসের সামনে ১ ঘন্টা অবস্থান ধর্মঘট এবং ১৯ জুলাই থেকে লাগাতার ধর্মঘট। তবে পরীক্ষাসমূহ এসব কর্মসূচীর আওতামুক্ত থাকবে।

উল্লেখ্য, গত ৭ জুলাই কর্তৃপক্ষ অধ্যাপক মকবুল হোসেনকে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ নিয়োগ করেন। স্বাধীনতাযুদ্ধে তিনি পাক হানাদার বাহিনীকে সহযোগিতা করেছেন বলে ছাত্র-শিক্ষকরা তার বিরুদ্ধে অভিযোগ করেছেন।

### ৮২ শিক্ষকের পাল্টা বিবৃতি

শিক্ষক সমিতির সিদ্ধান্তকে অযৌক্তিক ও রাজনৈতিক পক্ষপাতমূলক আচরণের বহিঃপ্রকাশ বলে উল্লেখ করে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ৮২ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয় শিক্ষা কার্যক্রমের সামগ্রিক স্বার্থে বিশ্ববিদ্যালয়ের সকল প্রকার কাজ চালিয়ে যাওয়ার জন্য শিক্ষকদের প্রতি আহ্বান জানিয়েছেন। বিবৃতিতে স্বাক্ষরকারীদের মধ্যে রয়েছেন অধ্যাপক ফকরুল ইসলাম, অধ্যাপক জিল্লুর রহমান, অধ্যাপক আব্বাস আলী, অধ্যাপক ইউসুফ আলী, অধ্যাপক মোখলেসুর রহমান প্রমুখ।